গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বন সংরক্ষক, কোস্টাল সার্কেল, বরিশাল
এবং
প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বনভবন, আগারগাঁও, ঢাকা এর মধ্যে
স্বাক্ষরিত।

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮-৩০ জুন, ২০১৯

# সূচিপত্র


| | | | |
|---|---|---|---|
| উপক্রমণিকা | | | ৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | | | ৪ |
| সেকশন-১ | ঃ | রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলী | ৫ |
| সেকশন-২ | ঃ | কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৬-৮ |
| সংযোজনী-১ | ঃ | শব্দসংক্ষেপ (Acronyms) | ৯ |
| সংযোজনী-২ | ঃ | কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১০ |
| সংযোজনী-৩ | ঃ | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১১-১২ |

# উপক্রমনিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রুপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বন সংরক্ষক, কোস্টাল অঞ্চল বরিশাল

এবং

প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর এর মধ্যে ২০১৮ সালের ---------মাসের ---------তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# উপক্রমমণিকা(Preamble)

## কোস্টাল সার্কেল, বরিশাল এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Coastal Circle, Barisal)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষৎ পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) অর্জন ঃ**

উপকূলীয় এলাকা ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস থেকে রক্ষার জন্য ক্লাইমেট রিজিলিয়েন্ট পার্টিসিপেটরি এফরেস্টেশন এণ্ড রিফরেস্টেশন শীর্ষক প্রকল্পের আওতায় উপকূলীয় বন বিভাগ, নোয়াখালী, ভোলা, পটুয়াখালী ও সামাজিক বন বিভাগ, বরিশাল এর অধীন মোট ০৭টি উপকূলীয় জেলায় নতুন জেগে উঠা চরভূমিতে স্থায়ীত্ব আনয়নের লক্ষ্যে বনায়ন করা হয়েছে। সরকারি বনভূমিসহ বিভিন্ন প্রান্তিক ভূমিতে ৩,৫৮২ হেক্টর ম্যানগ্রোভ বাগান, ১৯৮ হেক্টর নন-ম্যানগ্রোভ বাফার জোন বাগান, ২১০ হেক্টর এনরিচমেন্ট বাগান, ৪৮ হেক্টর মাউন্ড বাগান, ৫৬ হেক্টর ঝাউ বাগান, ৭৮৪ সিডলিং কি.মি. গোলপাতা বাগান ও ৩৪৫ সিডলিং কি.মি. স্ট্রিপ বাগান সৃজন করা হয়েছে। এছাড়া ৭০৭ সিডলিং কি.মি. সৃজিত স্ট্রিপ বাগানের মধ্যে ৭০,৭০০ টি তালের চারা রোপণ করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় উপকূলীয় এলাকায় ৩০টি ক্যাম্প অফিস নির্মাণ করা হয়েছে। এছাড়া বাংলাদেশের জীববৈচিত্র্য সংরক্ষণ ও ইকোট্যুরিজম উন্নয়ন প্রকল্পের আওতায় ১ টি স্টাফ ব্যারাক, ১টি বিট অফিস ও ১টি ইকো-কটেজ নির্মাণ করা হয়েছে, স্ট্রেনদেনিং রিজিওনাল কোঅপারেশন ফর ওয়াল্ডলাইফ প্রটেকশন প্রকল্পের আওতায় সোনারচর বন্যপ্রাণী অভয়ারণ্যে ১টি পার্ক অফিস ও ১ টি স্টাফ ব্যারাক নির্মাণ করা হয়েছে। ইকো ট্যুরিজম উন্নয়নে বিনোদনের সুযোগ সুবিধার বৃদ্ধির লক্ষ্যে রক্ষিত বন অঞ্চল সমূহে বিশেষত চরকুকরি-মুকরিতে ১টি পর্যবেক্ষণ টাওয়ার, লালদিয়া সংরক্ষিত বনাঞ্চলে জীববৈচিত্র্য সংরক্ষণ ও ইকোট্যুরিজম সুযোগ বৃদ্ধি শীর্ষক প্রকল্পের আওতায় ১টি পর্যবেক্ষণ টাওয়ার, ৯৫০ মিটার দীর্ঘ কাঠের পাটাতনযুক্ত আরসিসি ফুট ট্রেইল ও ১টি কাঠের পাটাতনযুক্ত আরসিসি ব্রিজ নির্মাণসহ বিভিন্ন অবকাঠামো নির্মাণ করা হয়েছে।

এছাড়া ২০১৭-১৮ আর্থিক সালে বঙ্গোপসাগরে জেগে ওঠা নতুন চরসহ উপকূলীয় এলাকায় বনায়ন প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ২০১৭-১৮ আর্থিক সালে ৩,৬৬০.০ হেক্টর ম্যানগ্রোভ বাগান, ৩০৯.০ সিডলিং কিঃমিঃ স্ট্রিপ বাগান এবং ৫,৯৩৩ টি বসতবাড়ীতে বনায়ন কার্যক্রম সম্পাদনের কর্মসূচী রয়েছে। যা বাস্তবায়নাধীন।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ ঃ**

জলবায়ু পরিবর্তনজনিত উপর্যুপরি প্রাকৃতিক দুর্যোগের কারণে উপকূলীয় বনায়ন ক্ষতিগ্রস্তের হাত থেকে রক্ষা করা। বননির্ভর জনগোষ্ঠীর বিকল্প জীবিকার সংস্থান করা। উপকূলীয় বনভূমির সীমানা চিহ্নিতকরণ। রক্ষিত এলাকাসমূহের ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন ও বনায়ন করা। উপকূলীয় এলাকার জীববৈচিত্র্য জরিপ করা। টেকসই বন ব্যবস্থাপনার মাধ্যমে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলা করা।

- **ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

রক্ষিত এলাকাসমূহে (কুয়াকাটা, সোনারচর ও টেংরাগিরি বন্যপ্রাণী অভয়ারণ্য ও প্রস্তাবিত লালদিয়া বন্যপ্রাণী অভয়ারণ্য) জীববৈচিত্র্য সংরক্ষণ ও ইকোট্যুরিজমের সুযোগ সুবিধা বৃদ্ধি করা। উপকূলীয় এলাকা জুড়ে সবুজ বেষ্টনী সম্প্রসারণ করা। সমগ্র উপকূলীয় এলাকার জীববৈচিত্র্য সংরক্ষণ করা। সামাজিক বনায়নের লভ্যাংশ বিতরণ প্রক্রিয়া হালনাগাদকরণের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন করা। বঙ্গোপসাগরে জেগে ওঠা নতুন চরসহ উপকূলীয় এলাকায় বনায়ন প্রকল্পের আওতায় ২০২১ সাল অবধি ১৭,৪৫০.০ হেক্টর ম্যানগ্রোভ বাগান, ৫৫৭.০ সিকিমিঃ স্ট্রিপ বাগান এবং ১৪,৫৬৭টি বসতবাড়ী বনায়নের পরিকল্পনা রয়েছে। এছাড়া অনুমোদনাধীন সুফল (SUFAL) প্রকল্পের আওতায় উপকূলীয় এলাকায় সবুজ বেষ্টনী তৈরী এবং বন নির্ভর জনগোষ্ঠীর জন্য বিকল্প জীবিকায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে।

### ২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

(১) উপকূলীয় এলাকায় বিলুপ্তপ্রায় ০৪টি প্রজাতি সংরক্ষণ।
(২) উপকূলীয় এলাকায় জীববৈচিত্র্য সংরক্ষণের জন্য ২৩০০.০ হেক্টর রক্ষিত এলাকার সম্প্রসারণ।
(৩) স্থানীয় দরিদ্র জনগোষ্ঠীর অংশগ্রহণে ৪১৪.০ সিডলিং কিঃমিঃ স্ট্রিপ বাগান সৃজন।
(৪) উপকূল জুড়ে সবুজ বেষ্টনী গড়ে তোলার লক্ষ্যে জেগে ওঠা নতুন চরে ৭,৮০০.০ হেক্টর ম্যানগ্রোভ বাগান সৃজন।
(৫) দারিদ্র বিমোচনের লক্ষ্যে উপকারভোগীদের লভ্যাংশ বাবদ ১.৫৫ কোটি টাকা বিতরণ।
(৬) স্থানীয় জনসাধারণকে বৃক্ষরোপণে উৎসাহিত করার জন্য সরকারি মূল্যে ৩.০ লক্ষ চারা বিতরণ।
(৭) ২৫.০ হেক্টর জবরদখলীয় বনভূমি উদ্ধার ও বাগান সৃজন।
(৮) সেকেন্ডারী ম্যানগ্রোভ প্রজাতির ৩০০.০ হেক্টর বাগান সৃজন।

## সেকশন-১

১. রূপকল্প (Vision) ঃ ২০২১ সনের মধ্যে টেকসই বন ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।

১.২ অভিলক্ষ্য (Mission) ঃ

আধুনিক প্রযুক্তি, সৃজনশীলতা ও জনগণের অংশগ্রহণে টেকসই বন ব্যবস্থাপনার মাধ্যমে বন সংরক্ষণ ও বনের আচ্ছাদন (Forest Cover) বৃদ্ধি, প্রতিবেশগত সেবার (Ecosystem Services) মানোন্নয়ন ও দারিদ্র বিমোচন।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) ঃ

১.৩.১.১. ইকোসিস্টেম ও জীববৈচিত্র্য সংরক্ষণ

১.৩.১.২. বন সংরক্ষণ ও টেকসই বন ব্যবস্থাপনা

১.৩.১.৩. জনগনের অংশগ্রহণে বন সম্প্রসারণ

১.৩.১.৪. বনায়নের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলা

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (Mandatory Objectives) ঃ

১.৩.২.১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ

১.৩.২.২. কর্মপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন

১.৩.২.৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৩.২.৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions) ঃ

১.৪.১. বন সংরক্ষণ, বনজ সম্পদের টেকসই ব্যবস্থাপনা, বন সম্প্রসারণ উন্নয়ন ও বন জরিপ।

১.৪.২. বনায়ন, প্রাকৃতিক রিজেনারেশন সহায়তা প্রদান অবক্ষয়িত বনের পুনর্বাসন এবং বনজ সম্পদ উৎপাদন।

১.৪.৩. জীববৈচিত্র্য ও বন্যপ্রাণী সংরক্ষণ, জাতীয় উদ্যান ও বন্যপ্রাণী অভয়ারণ্য, ইকোপার্ক ও সাফারী পার্ক স্থাপণ।

১.৪.৪. বনজসম্পদ বাজারজাতকরণ।

১.৪.৫. বন আইন, বন্যপ্রাণী আইন এবং সংশ্লিষ্ট আইন বিধির প্রয়োগ ও নীতিমালার বাস্তবায়ন।

১.৪.৬. সামাজিক বনায়ন, সহ-ব্যবস্থাপনা ও ইকোট্যুরিজম উন্নয়ন ও সম্প্রসারণ।

১.৪.৭. বন সংরক্ষণ ও সম্প্রসারণের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলা।

## সেকশন-২

### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

**(কোস্টাল সার্কেল, বরিশাল) ।**

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন (Actual Achievement) | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value of FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ ঃ** | | | | | | | | | | | | | | |
| ১) ইকোসিস্টেম ব্যবস্থাপনার উন্নয়ন ও জীববৈচিত্র সংরক্ষণ | ১২ | (১.১) বিলুপ্ত প্রায় প্রজাতির সংরক্ষণ | (১.১.১) সংরক্ষণের জন্য তালিকাভূক্ত প্রজাতির সংখ্যা | সংখ্যা | ৪ | ৩ | ২ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৫ | ৬ |
| | | (১.২) রক্ষিত এলাকার সম্প্রসারণ | (১.২.১) সম্প্রসারিত রক্ষিত এলাকার পরিমাণ | হাজার হেক্টর | ৪ | ০ | ০ | ২.৩ | ২.২ | ২.০ | ০ | ০ | ২.৫ | ৩.০ |
| | | (১.৩) সমুদ্র সম্পদ ব্যবহারে উপকূলীয় জনগনকে সক্ষম করে তোলা | (১.৩.১) প্রশিক্ষণ প্রদানকৃত মানুষের সংখ্যা | সংখ্যা | ৪ | ০ | ১৮৩০ | ২১৭০ | ২১০০ | ২০০০ | ১৮৩০ | ১৫০০ | ২৫০০ | ৩০০০ |
| ২) বন সংরক্ষণ ও টেকসই বন ব্যবস্থাপনা | ৩১ | (২.১) বনায়ন | (২.১.১) বনায়নকৃত এলাকা (ব্লক) | হেক্টর | ৫ | ১১৫ | ২০০.০ | ২৮.০ | ২৫.০ | ২০.০ | ১৫.০ | ১০.০ | ০ | ০ |
| | | | (২.১.২) বনায়নকৃত এলাকা (স্ট্রিপ) | সিকিমি | ৫ | ৫২.০ | ৩০৯.০ | ৪১৪.০ | ৩৮০.০ | ৩৫০.০ | ৩০৯.০ | ২৫০.০ | ৫০০.০ | ৬০০.০ |
| | | (২.২) জবরদখলকৃত বন উদ্ধার | (২.২.১) উদ্ধারকৃত বনের পরিমাণ | হেক্টর | ৩ | ৩০.০ | ৫০.০ | ২৫.০ | ২৩.০ | ২২.০ | ২০.০ | ১৫.০ | ২৫.০ | ৩০.০ |
| | | (২.৩) ইকোট্যুরিজম উন্নয়ন | (২.৩.১) ভ্রমণকারীর সংখ্যা | সংখ্যা লক্ষ | ৫ | ০.৫২ | ০.৫০ | ০.৮০ | ০.৭০ | ০.৬০ | ০.৫০ | ০.৩০ | ০.৯০ | ১.০ |
| | | (২.৪) চারা বিতরণ | (২.৪.১) বিতরণকৃত চারার সংখ্যা | লক্ষ চারা | ৩ | ১.৬২ | ২.০ | ৩.০০ | ২.৮০ | ২.৪০ | ২.০০ | ১.০০ | ৩.২০ | ৩.৫০ |
| | | (২.৫) এনরিচমেন্ট প্লান্টেশন | (২.৫.১) এনরিচমেন্ট এলাকা | হেক্টর | ১০ | ১১৫.০ | ২০০.০ | ৪৫০.০ | ৪০০.০ | ৩৫০.০ | ৩০০.০ | ২৫০.০ | ৫০০.০ | ৬০০.০ |
| ৩) জনগনের অংশগ্রহণে বন সম্প্রসারণ | ১২ | (৩.১) সামাজিক বনায়ন কার্যক্রম | (৩.১.১) পুনঃ বনায়ন (স্ট্রিপ) | সিকিমি | ৫ | ৬৪.২৫ | ৩৫ | ৫০.০ | ৪৫.০ | ৪০.০ | ৩৫.০ | ৩০.০ | ৬০.০ | ৮০.০ |
| | | (৩.২) উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ | (৩.২.১) বিতরণকৃত লভ্যাংশের পরিমাণ | কোটি টাকা | ৫ | ১.৭৫ | ১.০ | ১.৫৫ | ১.৩৫ | ১.২০ | ১.০ | ০.৮০ | ১.৮০ | ২.০ |
| | | (৩.৩) উপকারভোগীদের মাঝে টেকসই বনজ সম্পদ আহরণের বিষয়ে সচেতনতা সৃষ্টি | (৩.৩.১) সচেতনতা উপকারভোগীর সংখ্যা | সংখ্যা | ২ | ০ | ০ | ১০০.০ | ৮০.০ | ৬০.০ | ৫০.০ | ৪০.০ | ১৫০.০ | ২০০.০ |
| ৪) বনায়নের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলা মোকাবেলা | ২৫ | (৪.১) উপকূলীয় বনায়ন | (৪.১.১) বনায়নকৃত উপকূলীয় এলাকা | হেক্টর | ১৫ | ৯৭২.০ | ৩৬৬০.০ | ৭৮০০.০ | ৬০০০.০ | ৫০০০.০ | ৩৬৬০.০ | ৩০০০.০ | ৭০০০.০ | ৭৫০০.০ |
| | | (৪.২) বসতবাড়ী বনায়ন | (৪.২.১) বনায়নকৃত বসতবাড়ী সংখ্যা | সংখ্যা | ১০ | ০ | ৫৯৩৩ | ৫৪১৭ | ৫০০০ | ৪৫০০ | ৪০০০ | ৩০০০ | ৪৫২৫ | ৪৬২৫ |

# কোস্টাল সার্কেল বরিশাল এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ ২০১৮-১৯

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্ম সম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই,২০১৮ | ২৯ জুলাই ২০১৮ | ৩০ জুলাই ২০১৮ | ৩১ জুলাই ২০১৮ | ০১ আগস্ট ২০১৮ |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৬ জানুয়ারি ২০১৯ | ১৭ জানুয়ারি ২০১৯ | ২০ জানুয়ারি ২০১৯ | ২১ জানুয়ারি ২০১৯ |
| | | সরকারিকর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| ২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত* | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত ** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগে ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প(SIP) বাস্তবায়ন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর ২০১৮ | ০৭ জানুয়ারি ২০১৯ | ১৪ জানুয়ারি ২০১৯ | ২১ জানুয়ারি ২০১৯ | ২৮ জানুয়ারি ২০১৯ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর ২০১৮ | ১৫ জানুয়ারি ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| ৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিস্পত্তিকরণ | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ৩ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ মার্চ ২০১৯ | ১৫ এপ্রিল ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ৩ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ মার্চ ২০১৯ | ১৫ এপ্রিল ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| ৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

আমি, বন সংরক্ষক, কোস্টাল সার্কেল, বরিশাল, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বনভবন, আগারগাঁও, ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বনভবন, আগারগাঁও, ঢাকা, বন সংরক্ষক, কোস্টাল সার্কেল, বরিশাল এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

| | |
|---|---|
| ------------------------- | ২০/৬/২০১৮ |
| বন সংরক্ষক<br>কোস্টাল সার্কেল<br>বরিশাল। | তারিখ |
| ------------------------- | ২০/৬/১৮ |
| প্রধান বন সংরক্ষক,<br>বন অধিদপ্তর, বনভবন<br>আগারগাঁও, ঢাকা। | তারিখ |

# শব্দসংক্ষেপ (Acronyms)

## সংযোজনী-২ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয় সমূহ এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | |
| (১.১.১) | বিলুপ্ত প্রায় প্রজাতির সংরক্ষণ | সংরক্ষণের জন্য তালিকাভুক্ত প্রজাতির সংখ্যা | দেশীয় ফলজ, বনজ ও ঔষধি প্রজাতি | কোস্টাল সার্কেল, বরিশাল এর আওতাধীন উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী, নোয়াখালী, ভোলা ও সামাজিক বন বিভাগ, বরিশাল। | সংখ্যা<br>এবং<br>রেজিষ্টার | |
| (১.২.১) | রক্ষিত এলাকার সম্প্রসারণ | সম্প্রসারিত রক্ষিত এলাকার পরিমাণ | বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার লালদিয়ার চর বন্যপ্রাণী অভয়ারণ্য। | উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী | হেক্টর<br>এবং<br>গেজেট নোটিফিকেশন | |
| (২.১.১) | বনায়ন | বনায়নকৃত<br>এলাকা (ব্লক) | উপকূলীয় চর এলাকায় সেকেন্ডারী ম্যানগ্রোভ প্রজাতির বাগান সৃজন। | উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী , ভোলা ও নোয়াখালী। | হেক্টর<br>এবং<br>বাগান জার্নাল | |
| (২.১.২) | | বনায়নকৃত<br>এলাকা (স্ট্রিপ) | সওজ এর মহাসড়ক, এলজিইডি এর সড়ক, সংযোগ সড়ক, এবং পানি উন্নয়ন বোর্ডের বাঁধ । | উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী, নোয়াখালী ও ভোলা। | সিডলিং কিঃমিঃ<br>এবং<br>বাগান জার্নাল | |
| (২.২.১) | জবর দখলকৃত বন উদ্ধার | উদ্ধারকৃত<br>বনের পরিমাণ | জবরদখলকৃত বন ভূমি। | উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী, নোয়াখালী, ভোলা ও সামাজিক বন বিভাগ, বরিশাল। | হেক্টর<br>এবং<br>জবরদখলী বন ভূমির উচ্ছেদ রেজিষ্টার | |
| (২.৩.১) | ইকোট্যুরিজম উন্নয়ন | ভ্রমণকারীর সংখ্যা | কুয়াকাটা জাতীয় উদ্যান নিঝুম দ্বীপ জাতীয় উদ্যান, টেংরাগিরি বন্যপ্রাণী অভয়ারণ্য, সোনারচর ও কুকরী-মুকরী অভয়ারণ্যে আগত পর্যটক। | উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী, ভোলা ও নোয়াখালী। | সংখ্যা<br>এবং<br>পর্যটক ভ্রমণ রেজিষ্টার | |
| (২.৪.১) | চারা বিতরণ | বিতরণকৃত<br>চারার সংখ্যা | কোস্টাল সার্কেল, বরিশাল এর অধীন বন বিভাগ সমূহের নার্সারিতে উত্তোলিত বিক্রয় ও বিতরণের চারা | উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী, নোয়াখালী, ভোলা ও সামাজিক বন বিভাগ, বরিশাল। | সংখ্যা<br>এবং<br>চারা বিতরণের রেজিষ্টার | |
| (৩.১.১) | সামাজিক বনায়ন কার্যক্রম | পুনঃ বনায়ন (স্ট্রিপ) | সওজ ও এলজিইডির মালিকানাধীন রাস্তার ধারে এবং পানি উন্নয়ন বোর্ডের বাঁধে বনায়ন। | উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী, নোয়াখালী, ভোলা ও সামাজিক বন বিভাগ, বরিশাল। | সিডলিং কিঃমিঃ<br>এবং<br>বাগান জার্নাল | |
| (৩.২.১) | উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ | বিতরণকৃত<br>লভ্যাংশের পরিমাণ | মেয়াদ উত্তীর্ণ স্ট্রিপ বাগান বিক্রয় থেকে প্রাপ্ত অর্থ | উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী, নোয়াখালী, ভোলা ও সামাজিক বন বিভাগ, বরিশাল। | টাকা<br>লভ্যাংশ বিতরণের রেজিষ্টার | |
| (৪.১.১) | উপকূলীয় বনায়ন | বনায়নকৃত উপকূলীয় এলাকা | উপকূলীয় এলাকায় জেগে উঠা নতুন চর ভূমিতে ম্যানগ্রোভ বনায়ন। | উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী, নোয়াখালী ও ভোলা। | হেক্টর<br>এবং<br>বাগান জার্নাল | |

## সংযোজনী-৩ঃ অন্য দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| এলজিইডি, সড়ক ও জনপথ, পানি উন্নয়ন বোর্ড। | (২.১) বনায়ন | (২.১.২) বনায়নকৃত এলাকা (স্ট্রিপ) | বাগান সৃজনকল্পে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সড়ক ও জনপথ এবং পানি উন্নয়ন বোর্ডের অনুমতি ও বাগান সৃজনে সহযোগীতা । | যেহেতু সংশ্লিষ্ট সড়কের ভূমি মালিক হিসাবে নির্বাহী প্রকৌশলীগণ কর্মরত সেহেতু তাহাদের অনুমতি ক্রমে বাগান সৃজন আবশ্যক। | বাগান সৃজনকল্পে প্রয়োজনীয় অনুমতি পাওয়া না গেলে সরকারের প্রকল্পভূক্ত কার্যক্রম অসমাপ্ত থাকা, সংশ্লিষ্ট এলাকার দরিদ্র জনগোষ্ঠির দারিদ্র বিমোচন বিঘ্ন সৃষ্টি, আর্তসামাজিক উন্নয়নে বাধাগ্রস্থ হওয়া, জলবায়ু পরিবর্তনে বিরূপ প্রভাব ইত্যাদি। |
| | (৩.১) সামাজিক বনায়ন কার্যক্রম | (৩.১.১) পুনঃ বনায়ন (স্ট্রিপ) | বাগান সৃজনকল্পে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সড়ক ও জনপথ এবং পানি উন্নয়ন বোর্ডের অনুমতি ও বাগান সৃজনে সহযোগীতা । | ভূমি মালিক হিসাবে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণের নিকট হতে গাছ কর্তন পরবর্তী বাগান সৃজনের নিমিত্তে অনুমতি গ্রহণ করা আবশ্যক। | বাগান সৃজনকল্পে প্রয়োজনীয় অনুমতি পাওয়া না গেলে সরকারের সামাজিক বনায়ন কার্যক্রম অসমাপ্ত থাকা, সংশ্লিষ্ট এলাকার দরিদ্র জনগোষ্ঠির দারিদ্র বিমোচন বিঘ্ন সৃষ্টি, আর্তসামাজিক উন্নয়নে বাধাগ্রস্থ হওয়া। জলবায়ু পরিবর্তনে বিরূপ প্রভাব ইত্যাদি। |
| পটুয়াখালী, ভোলা ও নোয়াখালী জেলা প্রশাসন। | (৪.১) উপকূলীয় বনায়ন | (৪.১.১) বনায়নকৃত উপকূলীয় এলাকা | সমুদ্র উপকূলে নতুন জেগে উঠা চর ভূমিতে বনায়নের জন্য পটুয়াখালী, ভোলা ও নোয়াখালী জেলা প্রশাসকের সহযোগীতা। | গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের খাস জমি ব্যবস্থাপনায় জেলা প্রশাসকগণ দায়িত্বরত থাকায় তাঁদের সহযোগীতা প্রয়োজন। | সমুদ্র উপকূলে নতুন জেগে উঠা চর ভূমিতে বনায়ন করা সম্ভব না হলে প্রকল্পের কার্যক্রম বাধাগ্রস্থ হবে। ফলে ঘূর্ণিঝড় ও জলোচ্ছাসের কবলে উপকূলীয় বাসীর জানমাল অরক্ষিত হয়ে পড়াসহ ভূমির স্থায়িত্ব বিঘ্ন হবে। এছাড়া নতুন চর জলবায়ু পরিবর্তনে বিরূপ প্রভাব মোকাবেলায় উপকূল জুড়ে সবুজ বেষ্টনী গড়ে তোলার প্রচেষ্টা ব্যাহত হবে। |
| উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ । | (৪.২) বসতবাড়ী বনায়ন | (৪.২.১) বনায়নকৃত বসতবাড়ীর সংখ্যা | বসতবাড়ী নির্বাচনে সংশ্লিষ্ট উপজেলা ও ইউনিয়ন পরিষদের সহযোগীতা। | মাঠ পর্যায়ের জনগণের সহিত সরাসরি উপজেলা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ জড়িত বিধায় বসতবাড়ী নির্বাচনে তাদের সহযোগীতা প্রয়োজন। | বনায়নের জন্য বসতবাড়ী নির্বাচনে বিঘ্ন সৃষ্টি হলে জলবায়ু পরিবর্তনে বিরূপ প্রভাব মোকাবেলায় স্থানীয় জনগোষ্ঠীর অভিযোজন সক্ষমতা বৃদ্ধিতে বাঁধা সৃষ্টি হবে। |